গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং সবিম/উঃ ২-১৫৯/২০০৪/

তারিখ ঃ ০৫-৯-২০০৬

প্রেরক ঃ সাজিদা খাতুন
সিনিয়র সহকারী প্রধান

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ অফিসার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় ঃ **"রাজশাহী বিভাগীয় শহরে উপজাতীয় কালচারাল একাডেমী, খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউট এবং মণিপুরী ললিতকলা একাডেমী স্থাপন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩২টি পদ রাজস্ব বাজেটে স্থানান্তর প্রসঙ্গে।**

মহোদয়,

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ শিল্পকলা একাডেমীর "রাজশাহী বিভাগীয় শহরে উপজাতীয় কালচারাল একাডেমী, খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউট এবং মণিপুরী ললিতকলা একাডেমী স্থাপন" শীর্ষক প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর তা সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষন ও পরিচালনার নিমিত্তে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে সরকার নিম্নবর্ণিত ৩২(বত্রিশ) টি পদ ০১-১-২০০৪ তারিখ হতে নিম্নলিখিত শর্তে রাজস্ব বাজেটে অস্থায়ীভাবে স্থানান্তরের মাধ্যমে সৃষ্টি করলেন ঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বাস্তবায়ন অধিশাখা কর্তৃক নির্ধারিত বেতনস্কেল-২০০৫ | শর্ত/মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **উপজাতীয় সেল, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা ঃ** | | | | |
| ১। | সহকারী পরিচালক | ১(এক)টি (১x১) | ৬৮০০-১৩০৯০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২। | কম্পিউটার অপারেটর | ১(এক)টি (১x১) | ৩৫০০-৭৫০০/-<br>৪১০০-৮৮২০/- (বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে) | পদটি The Computer Personnel(Government and Local Authorities) Recruitment rules, 1985 মোতাবেক অর্থ বিভাগের ২০/৪/৮৫ তারিখের ৩২ নং স্মারক দ্বারা পূর্ব নির্ধারিত। |
| ৩। | এমএলএসএস | ১(এক)টি | ২৪০০-৪৩১০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ অষ্টম শ্রেণী পাশ |
| **রাজশাহী বিভাগীয় শহরে উপজাতীয় কালচারাল একাডেমী, খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউট এবং মণিপুরী ললিতকলা একাডেমী ঃ** | | | | |
| ১। | উপ-পরিচালক | ৩(তিন)টি (১x৩) | ১১০০০-১৭৬৫০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সহকারী পরিচালক/গবেষণা কর্মকর্তা পদে ৭ বছরের চাকরি। |
| ২। | গবেষণা কর্মকর্তা | ৩(তিন)টি (১x৩) | ৬৮০০-১৩০৯০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান, নৃ-বিজ্ঞান, ইতিহাস বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩। | প্রশিক্ষক | ১১(এগারো)টি | ৫১০০-১০৩৬০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৪। | গবেষণা সহকারী | ৩(তিন)টি (১x৩) | ৩৩০০-৬৯৪০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। |
| ৫। | গাড়ী চালক | ৩(তিন)টি (১x৩) | ৩০০০-৫৯২০/- (হালকা লাইসেন্স)<br>৩১০০-৬৩৮০/- (ভারী লাইসেন্স) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ অষ্টম শ্রেণী পাশসহ হালকা লাইসেন্স ধারীর জন্য ১৬ নং স্কেল, ভারী গাড়ী চালনার লাইসেন্স ধারীর জন্য ১৫ নং স্কেল প্রাপ্য। |
| ৬। | এমএলএসএস | ৩(তিন)টি (১x৩) | ২৪০০-৪৩১০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ অষ্টম শ্রেণী পাশ। |
| ৭। | পাহড়াদার | ৩(তিন)টি (১x৩) | ২৪০০-৪৩১০/- | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ অষ্টম শ্রেণী পাশ। |

শর্ত ঃ

ক. স্থানান্তরিত সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্ব খাতে নিয়মিতকরণের ক্ষেত্রে "উন্নয়ন প্রকল্প হতে পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫" (এসআরও নং ১৮২-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০, তারিখ ঃ ২০-০৬-২০০৫) এর ৪ নং ধারার বিধানাবলী প্রযোজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে ...

খ. সুপারিশকৃত পদসমূহ রাজস্ব খাতে স্থানান্তরের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। উপরে বর্ণিত সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদসমূহ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে সুনির্দিষ্টভাবে প্রকল্প সমাপ্তির পর দিন হতে অর্থাৎ ০১-০১-২০ খ্রিঃ তারিখে রাজস্ব খাতে স্থানান্তর/সৃজন হবে। পদ সংরক্ষণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃ-শাঃ/ক ১১/২০০১/১১১ নং প্রজ্ঞাপন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

গ. প্রকল্পের যানবাহন ইতোমধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ের কেন্দ্রীয় পরিবহণ পুলে সমর্পন করা না হলে অবিলম্বে তা সমর্পন করতে হ গাড়ী/যানবাহন পরিবহন পুলে সমর্পন এবং প্রয়োজনীয় সংখ্যক গাড়ী টিওএন্ডইভুক্তকরণ সাপেক্ষে গাড়ী চালকের ৩টি পদ রাজস্ব খাতে স্থান করতে হবে।

৩। পিপির হিসাব অনুযায়ী প্রশিক্ষকের মোট ১৫টি পদের মধ্যে অবশিষ্ট ৪টি পদ এবং পিপিতে উল্লিখিত 'কম্পিউটার অপারেটর' পদের পরিবর্তন করে 'অফিস সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর' নামে ৩টি পদ রাজস্ব বাজেটে সৃজন করা যেতে পারে।

৪। উল্লেখিত পদসমূহের বেতন-ভাতাদি ৩-৩৪০৫-৩১৩১-৫৯০৩ বাংলাদেশ শিল্পকলা একাডেমীর নির্ধারিত খাত হতে মিটানো হবে।

৫। সংস্থাপন মন্ত্রণালয়ের সওন্য ও অর্থ বিভাগের(বাজেট শাখা-১১ এবং বাস্তবায়ন ও পরিদর্শন অনুবিভাগ) সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলে

আপনার অনুগত,

(সাজিদা খাতুন)
সিনিয়র সহকারী প্রধান

নং সবিম/উঃ ২-১৫৯/২০০৪/

তারিখ ঃ ০৫-৯-২০০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ও প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা এর দপ্তরে প্রেরণের জন্য ২(দুই) কপি অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করা হলো।

(সাজিদা খাতুন)
সিনিয়র সহকারী প্রধান

নং

তারিখ ঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ও প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা এর দপ্তরে প্রেরণের জন্য ২(দুই) কপি অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে প্রেরণ করা হলো।

সিনিয়র সহকারী
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং সবিম/উঃ ২-১৫৯/২০০৪/ ১২৮২

তারিখ ঃ ০৫-৯-২০০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র এসাইনমেন্ট অফিসার)।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১১)।
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, শাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সাজিদা খাতুন)
সিনিয়র সহকারী প্রধান